**বাংলাদেশ জুট মিলস্ করপোরেশন**
আদমজী কোর্ট, মতিঝিল, ঢাকা।
**প্রসিডিং বিভাগ।**

স্মারক নং ২৪.০৪.০০০০.২০৭.০৫.১৫০.২৬- ৭৫

তারিখঃ ১০ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ / ২৫ আগষ্ট ২০২৬ খ্রি:

বিজেএমসি'র নিয়ন্ত্রণাধীন করিম জুট মিলস্ লিঃ, ডেমরা, ঢাকা এর ব্যবস্থাপক (বিপণন) জনাব মোঃ মাহফুজুল আলম এর বিরুদ্ধে বাংলাদেশ জুট মিলস্ করপোরেশনের কর্মচারী চাকুরী প্রবিধানমালা ১৯৯০ অনুযায়ী প্রসি/বিঃমাঃ ১৫০(করিম)/২৬ নং বিভাগীয় মামলা রুজুকরণ।

**<u>অভিযোগনামা</u>**

যেহেতু, আপনি জনাব মোঃ মাহফুজুল আলম গত ১০/০৫/২০০১ তারিখ চাকরিতে যোগদান করেন। আপনি গত ১৬/১১/২০২৩ তারিখ হতে অসুস্থতাজনিত ছুটি গ্রহণ করেন এবং ১৪/০৮/২০২৪ তারিখ পর্যন্ত তিন দফায় ২৭৩ দিন ছুটি ভোগ করেন। গত ১৫/০৮/২০২৪ হতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন এবং অনুপস্থিত থাকাকালীন গত ২৯/০৯/২০২৪ তারিখে ব্যবস্থাপক (বিপণন) হিসেবে পদোন্নতি প্রাপ্ত হন। পদোন্নতি পাওয়ার পূর্ব হতেই আপনি কর্মস্থলে অনুপস্থিত আছেন। পদোন্নতি প্রাপ্ত পদে কর্মস্থলে স্বশরীরে উপস্থিত না হয়ে ই-মেইল এর মাধ্যমে যোগদানপত্র প্রেরণ করেন। এমনকি হাজিরা খাতায় আপনার কোন স্বাক্ষর নেই। আপনি অনুপস্থিতির দিনগুলোর ছুটির বিষয়ে মিল কর্তৃপক্ষের কোন অনুমোদন গ্রহণ করেননি যা চাকুরি বিধি পরিপন্থি; এবং

২) যেহেতু, আপনি গত ১৫/০৮/২০২৪ তারিখ হতে অদ্যাবধি দীর্ঘদিন ধরে কর্তৃপক্ষের বিনা অনুমতিতে বিভাগীয় কাজে কর্মস্থলে অনুপস্থিত আছেন অর্থ্যাৎ ৬০(ষাট) দিনের বেশি সময় কর্তব্যকাজে অনুপস্থিত আছেন। আপনার কার্যকলাপ পলায়ন (Desertion) এর পর্যায়ভুক্ত। আপনার বিনা অনুমতিতে বিভাগীয় কাজে অনুপস্থিতির বিষয়টি তদন্তে প্রমাণিত হয়েছে। এছাড়াও সরেজমিন তদন্তে আপনার অসুস্থতার বিষয়টি প্রমাণিত হলেও দীর্ঘ সময়ের মধ্যে চিকিৎসা গ্রহণ সংক্রান্ত সর্বশেষ কোন ডকুমেন্টস এবং অসুস্থতার কোন চিকিৎসাপত্র তদন্ত কমিটির নিকট উপস্থাপন করেননি; এবং

৩) যেহেতু, আপনি গত ১৫/০৮/২০২৪ হতে কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকা অবস্থায় গত ১০/০৫/২০২৬ তারিখে আপনার চাকুরির বয়স ২৫ বছর পূর্তিতে অবসর নিতে ইচ্ছুক মর্মে গত ০৭/০৪/২০২৬ তারিখ আবেদন করেন; যা সরকারি চাকরি আইন অনুযায়ী বিধি সম্মত নয়; এবং

৪) যেহেতু, আপনার উপরিউক্ত কার্যকলাপ বাংলাদেশ জুট মিলস্ করপোরেশনের কর্মচারী চাকুরী প্রবিধানমালা ১৯৯০ এর প্রবিধি ৩৯ (খ) ও (গ) অনুযায়ী অসদাচরণের ও পলায়ন পর্যায়ভূক্ত এবং শস্তিযোগ্য অপরাধ।

৫) সেহেতু, বাংলাদেশ জুট মিলস্ করপোরেশনের কর্মচারী চাকুরী প্রবিধানমালা ১৯৯০ এর প্রবিধি ৩৯ (খ) ও (গ) অনুযায়ী অসদাচরণের ও পলায়ন এর দায়ে আপনাকে অভিযুক্ত করা হলো। উক্ত প্রবিধানমালার আলোকে উল্লিখিত অভিযোগে আপনার বিরুদ্ধে কেন উপযুক্ত শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার কারণ দর্শানোর নির্দেশ দেয়া হলো। আপনাকে আরো নির্দেশ দেয়া যাচ্ছে যে, প্রবিধি ৪৩ (১) (খ) মোতাবেক ১০(দশ) কার্যদিবসের মধ্যে আপনার আত্মপক্ষ সমর্থনে লিখিত বক্তব্য পেশ করবেন এবং আপনি যদি ব্যক্তিগতভাবে শুনানীর ইচ্ছা পোষণ করেন বা এই বিভাগীয় মামলায় আপনার পক্ষ সমর্থনে কোন সাক্ষ্য উপস্থাপন করতে চান তাও উল্লেখ করবেন।

যে অভিযোগ বিবরণীর উপর ভিত্তি করে অভিযোগ আনয়ন করা হয়েছে তা আপনার জ্ঞাতার্থে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

[অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য]

Scanned with CamScanner

এ আদেশ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারী করা হলো।

সংযুক্তিঃ বর্ণনানুযায়ী ।

(মোঃ মামনুর রশিদ)
মুখ্য পরিচালন কর্মকর্তা (অঃ দাঃ)

জনাব মোঃ মাহফুজুল আলম
ব্যবস্থাপক (বিপণন)
করিম জুট মিলস্ লিঃ
ডেমরা, ঢাকা।

জনাব মোঃ মাহফুজুল আলম
বাসা হোল্ডিং ৫/১/এ, রাস্তাঃ কল্যানপুর
পোষ্ট অফিসঃ মোহাম্মদপুর, থানাঃ মিরপুর,
জেলাঃ ঢাকা।
মোবাইলঃ ০১৭২২১০৮৪১৪,
০১৩২৮৩২১৩১৭

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) [ই-মেইলযোগে]

০১। মহাব্যবস্থাপক (প্রশাসন ও সাঃ সেবা)/(হিঃ ও অর্থ)/(বিপণন), বিজেএমসি, ঢাকা।
০২। উপ-মহাব্যবস্থাপক (প্রকল্প প্রধান), করিম জুট মিলস লিঃ, ডেমরা, ঢাকা।
০৩। উপ-মহাব্যবস্থাপক (এমআইএস), বিজেএমসি, ঢাকা। [সংস্থার ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
০৪। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিজেএমসি, ঢাকা।
০৫। অফিস কপি/মাস্টার ফাইল।

Scanned with CamScanner